

Total number of printed pages—4

1 (Sem-3/FYUGP) BEN41MJ

2025

BENGALI

(Major)

Paper : BEN4300104 MJ

(বিশ শতকের বাংলা সাহিত্য পাঠ)

Full Marks : 60

Time : 2½ hours

**The figures in the margin indicate
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো :

১×৮=৮

- (ক) বুদ্ধদেব বসু বাংলার প্রথম স্বভাব-কবি বলতে কাকে বুঝিয়েছেন?
- (খ) 'আর সেই বিস্ময়কর রায়চৌধুরী পরিবার'
— এই পরিবারের একজন লেখকের নাম লেখো।
- (গ) 'শিকার' কবিতায় কে 'সারারাত চিতবাঘিনীর হাত থেকে নিজেকে বাঁচিয়ে-বাঁচিয়ে' রেখেছিল?
- (ঘ) জীবনানন্দ দাশের 'মহাপৃথিবী' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত একটি কবিতার নাম লেখো।

- (ঙ) শ্রীকান্তের সঙ্গে ইন্দ্রনাথের প্রথম পরিচয় কোথায় হয়েছিল?
- (চ) শ্রীকান্তের মেজদা কয়বার এন্ট্রান্স পরীক্ষা ফেল করেছিল?
- (ছ) 'টিনের তলোয়ার' নাটকটি কবে প্রথম অভিনীত হয়?
- (জ) ময়নার পেশা কী?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো : (যে-কোনো ছয়টি)

২×৬=১২

- (ক) 'কল্লোল' গোষ্ঠীর যে-কোনো দুজন কবির নাম উল্লেখ করো।
- (খ) 'সন্দেশ' পত্রিকার প্রথম সম্পাদক কে? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।
- (গ) 'কে হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে!' — পংক্তিটি কোন কবিতার অংশ? এখানে কবি কাকে সান্ত্বনা জানিয়েছেন?
- (ঘ) 'মৃত্যুর আগে' কবিতায় উল্লিখিত যে-কোনো দুটি পাখির নাম করো।
- (ঙ) 'ওরে বাবা রে, খেয়ে ফেলো রে।' — বক্তা কে? তার এই আতঙ্কের কারণ কী?
- (চ) 'হাঁ রে নবীন, বাঁশি বাজায় কে?' — কে কার প্রসঙ্গে এই উক্তি করেছেন?



- (ছ) শ্রীকান্ত উপন্যাসটির মোট কয়টি পর্ব আছে? প্রথম পর্বটি কোন সালে প্রথম প্রকাশিত হয়েছিল?
- (জ) 'এই হতকুচ্ছিৎ মেয়েটা করবে অনুরাধা?' — উক্তিটি কার? এই হতকুচ্ছিৎ মেয়েটা কে?
- (বা) 'আমি কলকাতার তলায় থাকি' — এখানে 'আমি' কে? সে কলকাতার তলায় কী করে?
- (ঞ) 'নীলদর্পণ' নাটকটি কে রচনা করেছেন? এই নাটকের একটি চরিত্রের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো : (যে-কোনো চারটি)

৫×৪=২০

- (ক) 'রামায়ণের সবচেয়ে বড়ো সমস্যা রামচরিত্র' — বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধ অনুসরণে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (খ) রবীন্দ্রনাথের শিশু সাহিত্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (গ) 'বনলতা সেন' কবিতাটি অবলম্বনে কবির প্রেমিকার রূপ বর্ণনা করো।
- (ঘ) 'সিঙ্কুসারস' কবিতাটির মূলভাব সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) 'তখন চোরের মুখ দেখিয়া বাড়িসুদ্ধ লোকের মুখ শুকাইয়া গেল।' — কেন? ঘটনাটি আলোচনা করো।



(চ) 'বড় প্রেম শুধু কাছেই টানে না - ইহা দূরেও ঠেলিয়া ফেলে।'

— স্বার্থ বিপ্লবেষণ করো।

(ছ) 'আমার অমন নাটক দিয়ে মুড়ির ঢোঙা বানিয়েছে। মাই মাস্টারপীস।'

— বক্তা কে? তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(জ) টীকা লেখো :

অমৃতলাল বসু অথবা নেশনেল থিয়েটার

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো : (যে-কোনো দুটি)

১০×২=২০

(ক) 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে বুদ্ধদেব বসু কীভাবে রবীন্দ্র প্রভাবকে অতিক্রম করার কথা বলেছেন তা আলোচনা করো।

(খ) জীবনানন্দের 'রাত্রি' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) জীবনানন্দের 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থের অন্তর্গত 'আট বছর আগের একদিন' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।

(ঘ) 'শ্রীকান্ত' উপন্যাসের ইন্দ্রনাথ চরিত্রটি পর্যালোচনা করো।

(ঙ) 'টিনের তলোয়ার' নাটকের বেণীমাধব চাটুয্যের চরিত্রটি বিশ্লেষণ করো।